

## 💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ বেশভূষার আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

৩। লেবাস যেন এমন পাতলা না হয়, যাতে কাপড়ের উপর থেকেও ভিতরের চামড়া নজরে আসে।

নচেৎ ঢাকা থাকলেও খোলার পর্যায়ভুক্ত। এ ব্যাপারে এক হাদীসে আল্লাহর রসূল (ﷺ) হযরত আসমা (রাঃ) কে সতর্ক করেছিলেন।[1]

একদা হাফসা বিন্তে আব্দুর রহমান পাতলা ওড়না পরে হযরত আয়েশা (রাঃ) এর নিকট গেলে তিনি তার ওড়নাকে ছিঁড়ে ফেলে দিলেন এবং তাকে একটি মোটা ওড়না পরতে দিলেন।[2]

রাসুল (ﷺ) বলেন, "দুই শ্রেণীর মানুষ দোযখবাসী; যাদেরকে আমি (এখনো) দেখিনি। ---(এদের মধ্যে দ্বিতীয় শ্রেণীর মানুষ সেই) মহিলাদল, যারা কাপড় পরেও উলঙ্গ থাকবে, অপর পুরুষকে নিজের দিকে আকৃষ্ট করবে এবং নিজেও তার দিকে আকৃষ্ট হবে, যাদের মাথা (চুলের খোঁপা) হিলে থাকা উটের কুঁজের মত হবে। তারা জান্নাতে প্রবেশ করবে না। আর তার সুগন্ধও পাবে না; অথচ তার সুগন্ধ এত এত দূরবর্তী স্থান থেকেও পাওয়া যাবে।"[3]

## ফুটনোট

- [1]. আবূ দাউদ, মিশকাত হা/ ৪৩৭২
- [2]. মালেক, মিশকাত হা/ ৪৩৭৫
- [3]. আহমাদ, মুসলিম, সহীহুল জা'মে হা/৩৭৯৯

Source — https://www.hadithbd.com/books/link/?id=7004

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন